# অধ্যায়-০৭: কার্যপত্র

১। তিশা সার্ভিসিং প্রতিষ্ঠানের রেওয়ামিলটি নিম্নরূপ : [ঢা.বো. য.বো. সি.বো. দি.বো. ২০১৮]

তিশা সার্ভিসিং প্রতিষ্ঠান
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০১৭

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২২,০০০ | |
| অগ্রিম বিমা | ১৫,০০০ | |
| দালানকোঠা | ২,০০,০০০ | |
| ভাড়া | ৫,০০০ | |
| সেবা আয় | | ১,০৭,০০০ |
| বেতন | ১৫,০০০ | |
| মূলধন | | ২,৫০,০০০ |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| | ৩,৭৭,০০০ | ৩,৭৭,০০০ |

সমন্বয়সমূহ :

(১) দালানকোঠার উপর ২$\frac{১}{২}$% অবচয় ধার্য কর।

(২) বেতন বকেয়া আছে ৩,৫০০ টাকা।

(৩) অগ্রিম বিমা অতিক্রান্ত হয়েছে ১০,০০০ টাকা।

(৪) আসবাবপত্রের উপর ৫% অবচয় ধার্য কর।

ক. আসবাবপত্রের অবচয় এবং নিট আসবাবপত্রের পরিমাণ নির্ণয় কর।

খ) সমন্বয়গুলোর সমন্বয় জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই)

গ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর।

উত্তর: (ক) আসবাবপত্রের অবচয় ৫,০০০ টাকা, নিট আসবাবপত্র ৯৫,০০০ টাকা; খ) সমন্বয় জাবেদার যোগফল ২৩,৫০০ টাকা; গ) নিট মুনাফা ৬৩,৫০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৪৭,০০০ টাকা।

২। মেসার্স শিমু ট্রেডার্সের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো : [রা.বো. কু.বো. চ.বো. ব.বো. ২০১৮]

মেসার্স শিমু ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০১৭

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মূলধন | | ১,৫০,০০০ |
| সেবা আয় | | ৩,০০,০০০ |
| আসবাবপত্র | ১,৪০,০০০ | |
| নগদ | ২,৫০,০০০ | |
| অগ্রিম বিমা | ৩৬,০০০ | |
| ভাড়া | ৪০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয়- আসবাবপত্র | | ১৬,০০০ |
| | ৪,৬৬,০০০ | ৪,৬৬,০০০ |

সমন্বয়সমূহ :

১. অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা সেবা আয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে।

২. দুই মাসের ভাড়া বকেয়া রয়েছে।

৩. ২০১৮ সালের ৩১ মার্চ পর্যন্ত ১ বছরের জন্য অগ্রিম-বীমা প্রদত্ত হয়েছে।

৪. আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

করণীয়:

ক. ২০১৭ সালের বিমা খরচ এবং ভাড়া খরচ গণনাসহ নির্ণয় কর।

খ) উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই)

গ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর।

উত্তর : ক) ২০১৭ সালের বিমা খরচ ২৭,০০০ টাকা ও ভাড়া খরচ ৪৮,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৫৯,০০০ টাকা; গ) নিট মুনাফা ২,০১,০০০ টাকা এবং আর্থিক অবস্থার অবস্থার বিবরনরি যোগফল ৩,৯৯,০০০ টাকা।

৩। তন্নি ট্রেডার্সের ২০১০৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ: [ঢা.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ২৭,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১২,০০০ | |
| সাপ্লাইজ | ১৪,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২,০০০ | |
| অগ্রিম বীমা | ৭,০০০ | |
| মূলধন | | ১,৫০,০০০ |
| উত্তোলন | ৫,০০০ | |
| সেবা আয় | | ২৫,০০০ |
| বেতন খরচ | ১৬,০০০ | |
| উপযোগ খরচ | ৪,০০০ | |
| | ৩,৮৭,০০০ | ৩,৮৭,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) অগ্রিম বীমার ১,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
(২) হিসাবকাল শেষে ৫,০০০ টাকার সাপ্লাইজ মজুদ আছে।
(৩) যন্ত্রপাতির উপর ৫,০০০ টাকা অবচয় ধরতে হবে।
(৪) প্রদেয় নোটের উপর ৩,০০০ টাকার সুদ বকেয়া রয়েছে।
করণীয় ঃ- (ক) অগ্রিম বীমার পরিমাণ নির্ণয় কর।
(খ) উল্লেখিত তথ্যের ভিত্তিতে একটি কার্যপত্র প্রস্তুত কর। (সমন্বিত রেওয়ামিল পর্যন্ত)
(গ) উল্লেখিত সমন্বয়গুলোর সমন্বয় দাখিলা দাও।
উত্তর: (ক) অগ্রিম বীমার পরিমাণ ৬,০০০ টাকা; (খ) সমন্বয়ের যোগফল ১৮,০০০ টাকা ও সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৯৫,০০০ টাকা; (গ) সমন্বয় জাবেদার যোগফল ১৮,০০০ টাকা।

৪। মুক্ত ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখের রেওয়ামিল নিম্নরূপ; [রা.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ২,৪২০ | |
| মূলধন | | ২৩,৫২০ |
| আসবাবপত্র | ১১,৫০০ | |
| প্রাপ্য হিসাব | ২,৪০০ | |
| প্রদেয় হিসাব | | ১,১০০ |
| বিক্রয় | | ২৩,৪০০ |
| ভাড়া | ২০,৫০০ | |
| বেতন | ১১,২০০ | |
| | ৪৮,০২০ | ৪৮,০২০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ধারে বিক্রয় ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।
(২) বকেয়া বেতন ৪,০০০ টাকা।
করণীয় ঃ- (ক) ১ ও ২ নং সমন্বয়গুলির সমন্বয় জাবেদা দাও।
(খ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর।
(গ) সমাপনী জাবেদা দাও।
উত্তর: (ক) সমন্বয় জাবেদার যোগফল ৯,০০০ টাকা; (খ) নিট ক্ষতি ৭,৩০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২৮,৬২০ টাকা; (গ) জাবেদার যোগফল ৭১,৪০০ টাকা।

৫। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুত বিদ্যাসাগর লিমিটেডের রেওয়ামিল নিম্নরূপ; [চ.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| বেতন | ৩০,০০০ | |
| আসবাবপত্র | ৪০,০০০ | |
| মূলধন | | ৬০,০০০ |
| বিক্রয় | | ১,৬০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৭০,০০০ | |
| মজুরি | ৩৫,০০০ | |
| অগ্রিম বিমা | ২৫,০০০ | |
| খুচরা যন্ত্রপাতি | ২০,০০০ | |
| | ২,২০,০০০ | ২,২০,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) বেতন বাবদ বকেয়া রয়েছে ৬,০০০ টাকা।

(২) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ১৫,০০০ টাকা।
(৩) আসবাবপত্র ও খুচরা যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।
করণীয় ঃ- (ক) অগ্রিম বিমার জের নির্ণয় কর।
(খ) উল্লিখিত সমন্বয় গুলোর সমন্বয় জাবেদা দেখাও।
(গ) ১০ কলামবিশিষ্ট একখানা কার্যপত্র তৈরি কর।
উত্তর: (ক) অগ্রিম বীমার জের ১০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ২৭,০০০ টাকা; (গ) নিট ক্ষতি ২,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৭২,০০০ টাকা।

৬। ২০১৭ সালের ৩১ মার্চ তারিখে সমাপ্ত সুপ্তা চৌধুরীর ১ম ত্রৈমাসিক রেওয়ামিলটি নিম্নরূপ; [কু.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | |
| চলতি দায় | | ২০,০০০ |
| মজুদ পণ্য (৩১-০৩-২০১৭) | ৭৫,০০০ | |
| আসবাবপত্র | ১,২০,০০০ | |
| ১০% বন্ধকী ঋণ | | ৫০,০০০ |
| মজুরি ও বেতন | ২৫,০০০ | |
| অফিস খরচ | ১২,০০০ | |
| অগ্রিম বীমা | ২৪,০০০ | |
| বিক্রীত পণ্যের ব্যয় | ২,১৪,০০০ | |
| বিক্রয় | | ৩,৫০,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| | ৫,৫০,০০০ | ৫,৫০,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) বীমা খরচ মাসিক ২,০০০ টাকা।
(২) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধরতে হবে।
(৩) অগ্রিম মজুরি ও বেতন ৫,০০০ টাকা।
(৪) বন্ধকী ঋণের উপর সুদ প্রদেয় রয়েছে।
করণীয় ঃ- (ক) মোট পরিচালনা ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।
(খ) সমন্বয় সমূহের জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।
(গ) দশ কলামবিশিষ্ট কার্যপত্র তৈরি কর।
উত্তর: (ক) মোট পরিচালন ব্যয়ের পরিমাণ ২১,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১৫,২৫০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৫,৫৪,২৫০ টাকা, নিট লাভ ৯৩,৭৫০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৯৮,০০০ টাকা।

৭। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর জনাব ইউশার রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি উল্লেখ করা হলো; [সি.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৮০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬০,০০০ | ৪৫,০০০ |
| সাপ্লাইজ | ১২,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ৩৬,০০০ | |
| আসবাবপত্র ও অফিস সরঞ্জাম | ২,০০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয় আসবাবপত্র ও অফিস সরঞ্জাম | | ২০,০০০ |
| মূলধন-জনাব ইউশা | | ২,১৭,০০০ |
| জীবন বীমার প্রিমিয়াম | ১৮,০০০ | |
| ১২% প্রদেয় নোট | | ৫০,০০০ |
| বেতন | ৩০,০০০ | |
| ভাড়া খরচ | ৩৬,০০০ | |
| সেবা আয় | | ১,৪০,০০০ |
| | ৪,৭২,০০০ | ৪,৭২,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) একজন ক্লায়েন্টকে প্রদত্ত সেবা বাবদ ৪০,০০০ টাকা এখনও লিপিবদ্ধ করা হয়নি।
(২) অফিসের মাসিক বেতনের পরিমাণ ৩,০০০ টাকা।
(৩) আসবাবপত্র ও অফিস সরঞ্জামের অনুমিত আয়ুষ্কাল দশ বছর যার কোনো ভগ্নাবশেষ মূল্য নেই।
করণীয় ঃ- (ক) মোট সেবা আয় ও বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর।
(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা তৈরি কর।
(গ) দশ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি কর।
উত্তর: (ক) মোট সেবা আয় ১,৮০,০০০ টাকা এবং বার্ষিক অবচয় ২০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৭২,০০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৫,৪৪,০০০ টাকা, নিট লাভ ৪৬,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,১০,০০০ টাকা।

৮। শফিক ট্রেডার্সের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ; [ব.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সেবা আয় | | ১,৮০,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ৪৫,০০০ | |
| বেতন | ৭০,০০০ | |
| অগ্রিম বিমা | ৪২,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৩০,০০০ |
| সাপ্লাইজ খরচ | ৩,০০০ | |
| | ৩,৬০,০০০ | ৩,৬০,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) অব্যবহৃত সাপ্লাইজ ৫০০ টাকা।
(২) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ২০,০০০ টাকা।
(৩) সেবা আয় অনুপার্জিত হয়েছে ১৫,০০০ টাকা।
(৪) দুই মাসের বেতন বকেয়া রয়েছে।
করণীয় ঃ- (ক) (১) ও (৩) নং সমন্বয়ের প্রয়োজনীয় জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই)
(খ) উপরোক্ত তথ্যবলি হতে একটি সমন্বিত রেওয়ামিল প্রস্তুতকর।
(গ) উপরোক্ত তথ্যাবলি সমাপনী দাখিলা দাও।
উত্তর: (ক) জাবেদার যোগফল ১৫,৫০০ টাকা; (খ) সমন্বয়ের যোগফল ৪৯,৫০০ টাকা এবং সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৭৪,০০০ টাকা; (গ) জাবেদার যোগফল ৩,৭৫,০০০ টাকা।

৯। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের নিম্নের রেওয়ামিলটি মোহিনী ট্রেডার্সের হিসাব বহি হতে নেওয়া হয়েছে; [দি.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অগ্রিম ভাড়া | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,০০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৪০,০০০ |
| মূলধন | | ৮০,০০০ |
| সেবা আয় | | ১,৪০,০০০ |
| বেতন | ৩০,০০০ | |
| অফিস খরচ | ১৫,০০০ | |
| | ২,৬০,০০০ | ২,৬০,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) বেতন বকেয়া আছে ১০,০০০ টাকা।
(২) অগ্রিম ভাড়া ১২,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
(৩) অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা সেবা আয়ের অন্তর্ভূক্ত আছে।
(৪) অফিস সরঞ্জামের ১০% হারে অবচয় ধার্য কর।
করণীয় ঃ- (ক) মুনাফা জাতীয় খরচের পরিমাণ নির্ণয় কর।
(খ) সমন্বংয় জাবেদা দাও।
(গ) দশঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর।
উত্তর: (ক) মোট মুনাফা জাতীয় খরচের পরিমাণ ৭৭,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৪২,০০০ টাকা; (গ) নিট লাভ ৫৩,০০০ টাকা, আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৩,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ১৫,০০০ টাকা (সম্পদ)।

১০। জনাব অরিনের ডিসেম্বর ৩১, ২০১৬ সালের রেওয়ামিলটি নিম্নরূপ; [য.বো. ২০১৭]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৪০,০০০ |
| উত্তোলন | ১,৮০০ | |
| যন্ত্রপাতি | ৩২,৪০০ | |
| প্রারম্ভিক মজুদ | ৪,০০০ | |
| ব্যাংক উদ্বৃত্ত | ৩,০০০ | |
| ভাড়া খরচ | ১,৬০০ | |
| বিক্রয় | | ২৯,০০০ |
| | ৭১,৮০০ | ৭১,৮০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) সমাপনি মজুদ ১,২০০ টাকা।

(২) বকেয়া ভাড়া খরচ ১০০ টাকা।
(৩) যন্ত্রপাতির উপর ১০% হারে অবচয় ধার্য কর।
(৪) অগ্রিম মজুরি ৪০০ টাকা।
করণীয় ঃ- (ক) বিক্রীত পণ্যের ব্যয় নিরূপণ কর।
(খ) সমন্বয় দাখিলা দেখাও।
(গ) ১০ ঘরবিশিষ্ট একখানা কার্যপত্র প্রস্তুত কর।
উত্তর: (ক) বিক্রীত পণ্যের ব্যয় ৩১,৪০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৪,৯৪০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৭৫,১৪০ টাকা, নিট ক্ষতি ৭,৩৪০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৬,১৪০ টাকা।

১১। জনাব তামান্না জাহান 'জাহান ইন্টারপ্রাইজ'-এর নামে ক্রীড়া সামগ্রীর ক্রয়-বিক্রয় পরিচালনা করেন। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব বইতে নিম্নোক্ত রেওয়ামিলটি প্রস্তুত করা হয়; [ঢা.বো. ২০১৬]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ ও ব্যাংক জমা | ৬৩,০০০ | |
| বিক্রয় | | ৩,৬০,০০০ |
| বিক্রয় ফেরত | ৫,০০০ | |
| মূলধন-তামান্না জাহান | | ২,৮৪,০০০ |
| আসবাবপত্র | ২,০০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-আসবাবপত্র | | ৩০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ২,২০,০০০ | |
| বেতন | ৩৩,০০০ | |
| ভাড়া খরচ | ২০,০০০ | |
| উপযোগ খরচ | ৬,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২০,০০০ | |
| | ৭,০২,০০০ | ৭,০২,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) সমাপনী মজুদের প্রকৃত পরিমাণ ৪২,০০০ টাকা।
(২) সরলরৈখিক পদ্ধতিতে আসবাবপত্রের উপর ৫% হারে অবচয় ধার্য কর।
(৩) বিজ্ঞাপন খরচকে চারটি আর্থিক বছরের মধ্যে সমানভাবে সমন্বয় করতে হবে।
(৪) প্রাপ্য হিসাবের ৩% অনাদায়ী পাওনা সঞ্চিতি সংরক্ষণ করো।
করণীয়: (ক) ১নং ও ৩নং এর সমন্বয় জাবেদা তৈরি করো।
(খ) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে দশ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো।
(গ) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে জাহান এন্টারপ্রাইজের সমাপ্তি জাবেদা প্রস্তুত করো[
উত্তর: (ক) সমন্বয় জাবেদার যোগফল ১৮,০০০ টাকা; (খ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৭,১৪,৭০০ টাকা, নিট লাভ ৫৫,৩০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,১০,০০০ টাকা।

১২। নান্নু এন্টারপ্রাইজের হিসাব বই থেকে গৃহিত রেওয়ামিল; [চ.বো. ২০১৬]

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| উত্তোলন | ১৫,০০০ | মূলধন | ১,২০,০০০ |
| মজুদ পণ্য (১-১-১৫) | ৩০,০০০ | বিক্রয় | ২,২৫,০০০ |
| ক্রয় | ১,৩৫,০০০ | | |
| মজুরি | ১৫,০০০ | | |
| বেতন | ২২,৫০০ | | |
| যন্ত্রপাতি | ১,২৭,৫০০ | | |
| | ৩,৪৫,০০০ | | ৩,৪৫,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) সমাপনি মজুদের বাজারমূল্য ৫২,৫০০ টাকা হলেও এর ক্রয়মূল্য ছিল ৪৫,০০০ টাকা।
(২) মজুরি বকেয়া আছে ৩,০০০ টাকা।
(৩) বেতন অগ্রিম প্রদত্ত হয়েছে ৪,৫০০ টাকা।
করণীয় ঃ- (ক) ২ এবং ৩ নং সমন্বয়ের জাবেদা দাখিলা দেখাও।
(খ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর।
(গ) স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর।
উত্তর: (ক) সমন্বয় জাবেদার যোগফল ৭,৫০০ টাকা; (খ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৪৮,০০০ টাকা, নিট লাভ ৬৯,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৯২,০০০ টাকা; (গ) স্বত্বাধিকারের পরিমাণ ১,৭৪,০০০ টাকা।

১৩। ২০১৫ সালের প্রিন্স রিপেয়ার সার্ভিসের রেওয়ামিল এবং সমন্বয়সমূহ নিচে দেওয়া হলো; [কু.বো. ২০১৬]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৩,৮০০ | |
| অগ্রিম বিমা | ১,২০০ | |
| রিপেয়ার সাপ্লাইজ | ২,০০০ | |
| রিপেয়ার সরঞ্জাম | ১৫,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় | | ১,০০০ |
| মূলধন | | ১০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১০,০০০ |
| ভাড়া আয় | | ১,৫০০ |
| রিপেয়ার সেবা আয় | | ৩০,০০০ |
| বেতন খরচ | ২১,৫০০ | |
| ভাড়া খরচ | ৯,০০০ | |
| | ৫২,৫০০ | ৫২,৫০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) অগ্রিম বিমার ৮০০ মেয়াদ উত্তীর্ণ হয়েছে;
(২) রিপেয়ার সরঞ্জামের ওপর ১৪% অবচয় ধার্য করতে হবে।
(৩) বকেয়া বতেন ৫০০ টাকা।
(৪) অনুপার্জিত আয়ের অর্ধেক চলতি বছরে অর্জিত হয়েছে।
করণীয় ঃ- (ক) প্রিন্স রিপেয়ার সার্ভিসের নিট আয় নির্ণয় কর।
(খ) প্রিন্স রিপেয়ার সার্ভিসের সমন্বয় দাখিলা প্রদান কর।
(গ) প্রিন্স রিপেয়ার সার্ভিসের দশ ঘরবিশিষ্ট একটি ওয়ার্কশিট তৈরি কর।
উত্তর: (ক) নিট আয় ২,৬০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ৮,৪০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৫৫,১০০ টাকা, নিট আয় ২,৬০০ টাকা, আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২১,২০০ টাকা।

১৪। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব ফয়সালের ব্যবসায়ের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ; [সি.বো. ২০১৬]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৮০,০০০ |
| পণ্য ক্রয় | ১,৪০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| বিক্রয় | | ২,৪০,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ৩০,০০০ | |
| | ৩,২০,০০০ | ৩,২০,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৮০,০০০ টাকা ।
(২) ১০,০০০ টাকার ধারে পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি।
(৩) বেতন অগ্রিম প্রদত্ত হয়েছে ৮,০০০ টাকা।
(৪) অগ্রিম ভাড়ার ২৪,০০০ টাকা অতিক্রান্ত হয়েছে।
করণীয় ঃ- (ক) আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শিত অগ্রিম ভাড়ার পরিমাণ নির্ণয় কর।
(খ) উপর্যুক্ত সমন্বয় গুলোর জাবেদা দাখিলা দেখাও।
(গ) উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি দশঘর বিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর।
উত্তর: (ক) অগ্রিম ভাড়ার পরিমাণ ৬,০০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ১,২২,০০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৩০,০০০ টাকা, নিট মুনাফা ১,২৪,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৪,০০০ টাকা।

১৫। নিচে সুমন কোম্পানীর একটি রেওয়ামিল দেওয়া হলো; [ব.বো. ২০১৬]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| বিক্রয় | | ১,৫০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৬০,০০০ | |
| মজুরি | ২৫,০০০ | |
| অগ্রিম বিমা | ১৫,০০০ | |
| মূলধন | | ৫০,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| | ২,০০,০০০ | ২,০০,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) বকেয়া বেতন ৩,৬০০ টাকা।
(২) অগ্রিম বিমা নিঃশেষিত হয়েছে ১২,০০০ টাকা।
(৩) আসবাবপত্র ও যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধর।
করণীয় ঃ- (ক) প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দেখাও [(১) ও (২) নং এর]
(খ) ৬ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। (সমন্বয় ও সমন্বিত রেওয়ামিলসহ)
(গ) উদ্বৃত্তপত্র তৈরি কর।
উত্তর: (ক) সমন্বয় জাবেদার যোগফল ১৫,৬০০ টাকা; (খ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ২,১১,৬০০ টাকা; (গ) উদ্বৃত্তপত্রের যোগফল ৭৫,০০০ টাকা।

১৬। জনাব জুয়েল আইচ পরিচালিত 'যাদু শিক্ষালয়'-এর রেওয়ামিল নিম্নরূপ; [দি.বো. ২০১৬]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ ও ব্যাংক জমা | ৪৮,৫০০ | |
| ইক্যুইপমেন্টস | ৩৫,০০০ | |
| সাপ্লাইজ | ১৮,০০০ | |
| বিনিয়োগ | ১০,০০০ | |
| মূলধন | | ৬৫,০০০ |
| উত্তোলন | ৪,০০০ | |
| ফিস (সেবা আয়) | | ৭৫,৯০০ |
| বিনিয়োগের সুদ | | ৪০০ |
| বেতন | ৭,০০০ | |
| উপযোগ ব্যয় | ৬,৮০০ | |
| ভাড়া | ১২,০০০ | |
| | ১,৪১,৩০০ | ১,৪১,৩০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ব্যক্তিগত বিদ্যুৎ বিল ১,৮০০ টাকা উপযোগ ব্যায়ের অন্তর্ভুক্ত।
(২) অনুপার্জিত ফিস ৪,০০০ টাকা ফিসের অন্তর্ভুক্ত আছে।
(৩) চলতি বছরে ১২,০০০ টাকার সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে।
(৪) ইক্যুইপমেন্টসের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।
করণীয় ঃ- (ক) ১নং ও ২নং সমন্বয় তথ্যাবলির জাবেদা দাখিলা দাও।
(খ) কার্যপত্র প্রস্তুত করার লক্ষ্যে সমন্বিত রেওয়ামিল তৈরি কর।
(গ) সমাপনী জাবেদা দাখিলা দাও।
উত্তর: (ক) সমন্বয় জাবেদার যোগফল ৫,৮০০ টাকা; (খ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ১,৪৪,৮০০ টাকা; (গ) সমাপনী জাবেদার যোগফল ১,৫০,৪০০ টাকা।

১৭। রিপা এন্টারপ্রাইজের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ; [য.বো. ২০১৬]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ১০,৮০০ | |
| সাপ্লাইজ | ৩,৪০০ | |
| অগ্রিম বিমা | ৫,০০০ | |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় যন্ত্রপাতি | | ৫,০০০ |
| প্রদেয় নোট | | ৫,০০০ |
| মূলধন | | ৩০,৮০০ |
| প্রাপ্য হিসাব | ৫,৬০০ | |
| সেবা আয় | | ৪০,০০০ |
| উত্তোলন | ৪,০০০ | |
| বেতন ($^{৪}/_{৫}$ অংশ) | ১৬,০০০ | |
| উপযোগ খরচ | ৬,০০০ | |
| | ৮০,৮০০ | ৮০,৮০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ২,০০০ টাকা।
(২) হিসাবকাল শেষে সাপ্লাইজ মজুদ আছে ৫০০ টাকা।
(৩) সেবা প্রদত্ত হয়েছে এখনও বিল করা হয়নি ৩,০০০ টাকা।
করণীয় ঃ- (ক) বেতন খরচের পরিমাণ নির্ণয় কর।
(খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা প্রদান কর।
(গ) উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর।
উত্তর: (ক) বেতন খরচের পরিমাণ ২০,০০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ১১,৯০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৮৭,৮০০ টাকা, নিট মুনাফা ১২,১০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫৬,৯০০ টাকা।

১৮। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রাণি হামিদ স্টোরের খতিয়ান উদ্বৃত্ত গুলো ছিল নিম্নরূপ; [ঢা.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২২,৫০০ | |
| মূলধন | | ৯০,০০০ |
| উত্তোলন | ৬,০০০ | |
| চলতি সম্পদ | ৬০,০০০ | |
| ক্রয় | ৭০,০০০ | |
| বিক্রয় | | ১,৫০,০০০ |
| পরিচালন ব্যয় | ৬০,০০০ | |
| বকেয়া পরিচালন ব্যয় | | ১,৫০০ |
| | ৩,৩৮,৫০০ | ৩,৩৮,৫০০ |

নিম্নোক্ত সমন্বয় গুলো সাধন করতে হবে; (১) সমাপনী মজুদ পণ্য ১৮,০০০ টাকা। (২) স্থায়ী সম্পদের অবচয় ৬,০০০ টাকা।

করণীয় ঃ- (ক) বছর শেষে নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ কত হবে?

(খ) ১০ কালাম কার্যপত্র তৈরী কর।

(গ) সমাপনী জাবেদা দাখিলা দাও।

উত্তর: (ক) নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ ৬২,০০০ টাকা; (খ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৪৪,৫০০ টাকা, নিট লাভ ৯,৫০০ টাকা, আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৪,০০০ টাকা; (গ) সমাপনী জাবেদার যোগফল ৩,০৬,০০০ টাকা।

১৯। জনাব মতিউর ২০১৪ সালের ১ জানুয়ারী তারিখে সেবামূলক প্রতিষ্ঠান শুরু করেন। ৩১ ডিসেম্বর তার প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ; [রা.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৭০,০০০ |
| অগ্রিম বীমা | ৩০,০০০ | |
| মনিহারী খরচ | ৬,০০০ | |
| পুঞ্জিভূত অবচয়-অফিস সরঞ্জাম | | ৫০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৪০,০০০ |
| সেবা আয় | | ১,২০,০০০ |
| অফিস সরঞ্জাম | ৩,৪৪,০০০ | |
| | ৩,৮০,০০০ | ৩,৮০,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) বিমা খরচ প্রতিমাসে ১,০০০ টাকা করে মেয়দ উত্তীর্ণ হয়।

(২) অব্যবহৃত মনিহারি ৫০০ টাকা।

(৩) ধারে সেবা প্রদান ৫,০০০ টাকা হিসাবভূক্ত হয়নি।

করণীয় ঃ- (ক) মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় করো।

(খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও।

(গ) একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো।

উত্তর: (ক) মোট সেবা আয় ১,২৫,০০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ১৭,৫০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৮৫,০০০ টাকা, নিট লাভ ১,০৭,৫০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৬৭,৫০০ টাকা।

২০। সাকিব ট্রেডার্সের ৩১ মার্চ, ২০১৪ সালের (প্রথম তিন মাসের) রেওয়ামিল নিচে দেওয়া হলো; [চ.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৪০,০০০ | |
| অগ্রিম বিমা | ৬,০০০ | |
| সাপ্লাইজ | ৮,০০০ | |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | |
| মূলধন-সাবিক | | ৫৫,০০০ |
| সেবা আয় | | ৪৫,০০০ |
| বেতন খরচ | ১২,০০০ | |
| ভাড়া খরচ | ১০,০০০ | |
| অনুপার্জিত আয় | | ৬,০০০ |
| | ১,০৬,০০০ | ১,০৬,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ৩১ মার্চ তারিখে অগ্রিম বিমার পরিমাণ ২,০০০ টাকা।

(২) সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৭,০০০ টাকা।

(৩) বেতন খরচ বকেয়া রয়েছে ৪,০০০ টাকা।

(৪) যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করো।

করণীয় ঃ- (ক) বিমার খরচের পরিমাণ নির্ণয় করো।

(খ) উপর্যুক্ত সমন্বয় গুলির সমন্বয় জাবেদা দাও।

(গ) উপযুক্ত রেওয়ামিল হতে কার্যপত্রের ছকে সমন্বিত রেওয়ামিল তৈরী করো।

উত্তর: (ক) বীমা খরচ ৪,০০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ১৫,৭৫০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ১,১০,৭৫০ টাকা।

২১। সৈকত ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ; [কু.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ১,৫০,০০০ | |
| অগ্রিম বীমা | ১২,০০০ | |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয় (আসবাবপত্র) | | ৫,০০০ |
| মূলধন | | ১,০০,০০০ |
| সেবা আয় | | ১,২৭,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| | ২,৩২,০০০ | ২,৩২,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) অগ্রিম বীমার ৪,০০০ টাকা অতিক্রান্ত হয়েছে।
(২) বেতন ৬,০০০ টাকা বকেয়া আছে।
(৩) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধরতে হবে।
(৪) সেবা প্রদান করা হয়েছে কিন্তু এখনও বিল তৈরী করা হয়নি ৪,০০০ টাকা।
করণীয় ঃ- (ক) নীট আসবাবপত্রের পরিমাণ নির্ণয় করো।
(খ) উপরোক্ত সমন্বয় গুলোর সমন্বয়ী দাখিলা দেখাও।
(গ) ১০ ঘর বিশিষ্ট একটি কার্যপত্র তৈরী করো।
উত্তর: (ক) নিট আসবাবপত্র ক্রয় ৪০,০০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ১৯,০০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ২,৪৭,০০০ টাকা, নিট লাভ ৯৬,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,১২,০০০ টাকা।

২২। রশিদ এন্ড কোং এর ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ; [সি.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ব্যাংক জমাতিরিক্ত | | ৪,০০০ |
| নগদ তহবিল | ৯০,০০০ | |
| মূলধন | | ৫৫,০০০ |
| উত্তোলন | ২০,০০০ | |
| সেবা আয় | | ১,১০,০০০ |
| বেতন | ২৪,০০০ | |
| অগ্রিম ভাড়া | ৩৬,০০০ | |
| কমিশন | | ১,০০০ |
| | ১,৭০,০০০ | ১,৭০,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) অনুপার্জিত সেবা আয় ৪,৬০০ টাকা।
(২) মালিকের ব্যক্তিগত উত্তোলন ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) কমিশন অনাদায়ি রয়েছে ২,০০০ টাকা।
(৪) অগ্রিম ভাড়া ১২,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
করণীয় ঃ- (ক) মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো।
(খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও।
(গ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো।
উত্তর: (ক) মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ১,০৮,৪০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ২৮,৬০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ১,৭২,০০০ টাকা; নিট লাভ ৭২,৪০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৩৬,০০০ টাকা।

২৩। বর্ণালী ট্রেডার্স এর ৩১ ডিসেম্বর ২০১৪ সালের প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ; [ব.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হতে নগদ | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৪৫,০০০ |
| অফিস সরঞ্জাম | ৯০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয়-অফিস সরঞ্জাম | | ১৮,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৯০,০০০ | |
| অগ্রিম বিমা | ৪,৮০০ | |
| মূলধন | | ১,৮০,০০০ |
| উত্তোলন | ২০,০০০ | |
| ক্রয় | ১,৩০,০০০ | |
| বিক্রয় | | ২,৫০,০০০ |

| | | |
|---|---|---|
| সাপ্লাইজ | ৪,০০০ | |
| বেতন ও ভাতাদি | ৪২,০০০ | |
| বিক্রয় বাট্টা | ৭,০০০ | |
| ক্রয় বাট্টা | | ৪,০০০ |
| | ৪,৯৭,৮০০ | ৪,৯৭,৮০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা (বাজার মূল্য ৪৫,০০০ টাকা)
(২) বিমা পলিসি চার বছরের জন্য করা হয়েছে।
(৩) প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি সংরক্ষণ করো।
(৪) অফিস সরঞ্জামের ক্রয় মূল্যের উপর ১০% অবচয় নির্ণয় করো।
করণীয় ঃ- (ক) ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে ২নং ও ৪নং সমন্বয় দফার জাবেদা দেখাও।
(খ) ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে সমাপ্ত বছরের ১০ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি করো।
(গ) ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে সমাপনী জাবেদা দাখিলা দেখাও।
উত্তর: (ক) সমন্বয় জাবেদার যোগফল ১০,২০০ টাকা; (খ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ৫,০৯,৮০০ টাকা, নিট লাভ ১৬,৮০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৭২,৬০০ টাকা; (গ) সমাপনী জাবেদার যোগফল ৫,০৬,০০০ টাকা।

২৪। রাহুল ট্রেডার্স এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্ত সমূহ নিম্নরূপ; [দি.বো. ২০১৫]
অগ্রিম ভাড়া ২৪,০০০ টাকা, আসবাবপত্র ১,৩৬,০০০ টাকা, মূলধন ৬০,০০০ টাকা, অগ্রিম সেবা আয় ২০,০০০ টাকা, সেবা আয় ১,২০,০০০ টাকা এবং প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা।
সমন্বয় সমূহ ঃ-
(১) ভাড়া দুই বছরের জন্য প্রদত্ত হয়েছে।
(২) অগ্রিম সেবা আয়ের ১০,০০০ টাকা আয় হিসাবে গণ্য হবে।
(৩) ৮,০০০ টাকার সেবা প্রদান করা হয়েছে কিন্তু টাকা পাওয়া যায়নি।
(৪) আসবাবপত্রের অবচয় ২৪,০০০ টাকা ধার্য করা হলো।
করণীয় ঃ- (ক) অগ্রিম সেবা আয়ের উদ্বৃত্ত নির্ণয় করো।
(খ) বর্ণিত সমন্বয় গুলির জাবেদা লিখন দেখাও।
(গ) কার্যপত্রের ছকে সমন্বিত রেওয়ামিল তৈরী করো।
উত্তর: (ক) অগ্রিম সেবা আয়ের উদ্বৃত্ত ১০,০০০ টাকা; (খ) সমন্বয় জাবেদার যোগফল ৫৪,০০০ টাকা; (গ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ২,৩২,০০০ টাকা।

২৫। নিচের রেওয়ামিলটি অর্পা এন্টারপ্রাইজের হিসাব বই হতে নেয়া হয়েছে; [য.বো. ২০১৫]

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৮০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| ক্রয় | ৯০,০০০ | |
| বিক্রয় | | ১,৫০,০০০ |
| মজুরি | ১০,০০০ | |
| বেতন | ১৫,০০০ | |
| যন্ত্রপাতি | ৮৫,০০০ | |
| | ২,৩০,০০০ | ২,৩০,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) সমাপনি মজুদ পণ্য ক্রয় মূল্য ৩০,০০০ টাকা, বাজার মূল্য ৩৫,০০০ টাকা।
(২) মজুরি বকেয়া রয়েছে ২,০০০ টাকা।
(৩) বেতন অগ্রিম পরিশোধ করা হয়েছে ৩,০০০ টাকা।
করণীয় ঃ- (ক) ২ থেকে ৩ নং সমন্বয় গুলোর জাবেদা দেখাও।
(খ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো।
(গ) স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো।
উত্তর: (ক) সমন্বয় জাবেদার যোগফল ৫,০০০ টাকা; (খ) সমন্বিত রেওয়ামিলের যোগফল ২,৩২,০০০ টাকা, নিট লাভ ৪৬,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,২৮,০০০ টাকা; (গ) স্বত্বাধিকারের পরিমাণ ১,১৬,০০০ টাকা।

**Reference:**
Various important curriculum books, notebooks and test Papers.

# অধ্যায়-০৭: গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি

১। অগ্রিম ব্যয় সমন্বয় করলে কী হয় ?
ক. দায়হ্রাস ও আয় বৃদ্ধি
খ. আয় ও সম্পত্তিহ্রাস
গ. সম্পত্তি ও আয় বৃদ্ধি
ঘ. ব্যয় বৃদ্ধি ও সম্পত্তিহ্রাস✓
২। কোন হিসাবগুলোর বিপরীত দাখিলা দেয়া হয়?
ক. আয় ও ব্যয়
খ. অগ্রিম আয় খরচ
গ. সম্পদ ও দায়
ঘ. বকেয়া ও অগ্রিম আয় খরচ✓
৩। কার্যপত্র হিসাব চক্রের কয়টি গুরুত্বপূর্ণ ধাপ সম্পন্ন করে ?
ক. ৩
খ. ৪✓
গ. ৫
ঘ. ৬
৪। কার্যপত্র তৈরির প্রধান উদ্দেশ্য কী ?
ক. সমন্বয়গুলোকে নির্ভূলভাবে লিপিবদ্ধ করা
খ. রেওয়ামিলের শুদ্ধতা যাচাই করা
গ. সঠিকভাবে আর্থিক বিবরণী প্রস্তুত করা✓
ঘ. সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা
৫। অনিঃশেষিত ব্যয় কী ?
ক. সম্পদ✓
খ. ব্যয়
গ. দায়
ঘ. মালিকানা স্বত্ব
৬। অগ্রিম ও বকেয়াসমূহ লিপিবদ্ধ করতে নিচের কোন দাখিলা দেওয়া হয় ?
ক. বিপরীত দাখিলা
খ. সমাপনী দাখিলা
গ. সমন্বয় দাখিলা✓
ঘ. প্রারম্ভিক দাখিলা
৭। ভবিষ্যতে সেবা প্রদানের জন্য অগ্রিম গ্রহণ করা হলে কোন হিসাবকে ক্রেডিট করতে হবে ?
ক. অর্জিত সেবা আয়
খ. প্রাপ্ত সেবা আয়
গ. অনুপার্জিত সেবা আয়✓
ঘ. প্রাপ্য হিসাব
৮। বিক্রয়ের উদ্দেশ্যে গাড়ি ক্রয় ৩,২০,০০০ টাকা কী জাতীয় খরচ ?
ক. মূলধন জাতীয় ব্যয়
খ. মুনাফা জাতীয় ব্যয়✓
গ. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
ঘ. মূলধনজনিত ব্যয়
৯। চূড়ান্ত হিসাব প্রস্তুত করার পর ভূল ধরা পড়লে নামিক হিসাবের পরিবর্তে কোন হিসাব লেখা হয় ?
ক. সমন্বিত আয় বিবরণী✓
খ. অনিশ্চিত হিসাব
গ. ব্যক্তিবাচক হিসাব
ঘ. আর্থিক সমাপনী হিসাব
১০। হিসাব চক্রের কোন ধাপটি ঐচ্ছিক ?
ক. জাবেদা
খ. খতিয়ান
গ. রেওয়ামিল
ঘ. কার্যপত্র✓
১১। বকেয়া খরচ সমন্বয় না করলে হিসাব বহিতে কী প্রভাব পড়ে ?
ক. মুনাফা বেশি হবে✓
খ. মুনাফা কম হবে
গ. ব্যয় বেশি হবে
ঘ. মুনাফা অপরিবর্তিত থাকবে
১২। হিসাবচক্রের কোন ধাপের কাজ পরবর্তী হিসাবকালের প্রথম দিনে সম্পন্ন হয় ?
ক. সমাপনী দাখিলা
খ. সাধারণ দাখিলা
গ. সমন্বয় দাখিলা
ঘ. বিপরীত দাখিলা✓
১৩। নিচের কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি ?
ক. ঋণ গ্রহণ*
খ. উপ-ভাড়া
গ. বিক্রয়
ঘ. কমিশন প্রাপ্তি
১৪। কার্যপত্রে আয় বিবরণীর ডেবিট ব্যলেন্স কী নির্দেশ করে ?
ক. মোট লাভ
খ. নিট লাভ
গ. মোট ক্ষতি
ঘ. নিট ক্ষতি✓
১৫। নিট লাভ দ্বারা কী বৃদ্ধি পায় ?
ক. আয়
খ. সম্পত্তি
গ. দায়
ঘ. স্বতাধিকার✓
১৬। বিনিয়োগের সুদ প্রাপ্তি কী ?
ক. মুলধন জাতীয় প্রাপ্তি
খ. মূলধন জাতীয় আয়
গ. মূলধন জাতীয় প্রাপ্তি✓
ঘ. মুনাফা জাতীয় আয়
১৭। অনুপার্জিত সেবা আয় ২০,০০০ টাকা, অনুপার্জিত সেবা আয়ের ২/৫ অংশ উপার্জিত হলে হিসাবকাল শেষে চলতি দায় কত ?
ক. ৮,০০০ টাকা
খ. ১২,০০০ টাকা✓
গ. ১৬,০০০ টাকা
ঘ. ২০,০০০ টাকা
১৮। ভাড়া প্রদত্ত হয়েছে (১২৫%) ২৫,০০০ টাকা। এখানে ভাড়া খরচ কত টাকা ?
ক. ১০,০০০ টাকা

খ. ১৫,০০০ টাকা
গ. ২০,০০০ টাকা✓
ঘ. ২৫,০০০ টাকা
১৯। কারবারের প্রকৃত আর্থিক অবস্থা জানার জন্য কোন দাখিলার প্রয়োজন হয় ?
ক. প্রারম্ভিক দাখিলা
খ. সমন্বয় দাখিলা✓
গ. সমাপনী দাখিলা
ঘ. বিপরীত দাখিলা
২০। ভাড়া ৯,০০০ টাকা পরিশোধ করা হয়েছে। ১/৩ অংশ বকেয়া আছে। বকেয়া ভাড়ার পরিমাণ কত ?
ক. ৪,৫০০ টাকা✓
খ. ৩,০০০ টাকা
গ. ৪,০০০ টাকা
ঘ. ২,২৫০ টাকা
২১। সমাপনী দাখিলার প্রয়োজন-
i. ব্যয় হিসাবগুলো বন্ধ করার জন্য
ii. আয় হিসাবগুলো বন্ধ করার জন্য
iii. উত্তোলন হিসাবগুলো বন্ধ করার জন্য
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓
২২। অনুপার্জিত সেবা আয় বৃদ্ধি পেলে কী বৃদ্ধি পায়-
i. দায়
ii. আয়
iii. সম্পদ
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৩। অব্যবহৃত সাপ্লাইজ সমন্বয় করা হয়-
i. সাপ্লাইজ থেকে বাদ দিয়ে
ii. সাপ্লাইজ এর সাথে যোগ করে
iii. চলতি সম্পদ হিসেবে প্রদর্শন করে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৪। বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয়-
i. মুনাফা জাতীয় ব্যয়
ii. মূলধন জাতীয় ব্যয়
iii. নিয়মিত ব্যয়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৫। অবচয় হিসাবের সমন্বয় জাবেদা করা না হলে কম দেখানো হবে যেটি-
i. নিট মুনাফা
ii. মালিকানা স্বত্ব
iii. মোট ব্যয়

নিচের কোনটি সঠিক ?
(ক) i (খ) iii✓
(গ) ii (ঘ) i, ii ও iii
▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
মি. মেহেদীর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের কয়েকটি জের দেওয়া হলো অনার্জিত সেবা আয় ২০,০০০ টাকা, সেবা আয় ৩৫,০০০ টাকা, বকেয়া আয় ২৫,০০০ টাকা, অগ্রিম বিমা ৩০,০০০ টাকা।
২৬। অনার্জিত আয়ের ৫,০০০ টাকা এখনো অনার্জিত হলে মোট সেবা আয়ের পরিমাণ কত ?
ক. ৪০,০০০ টাকা
খ. ৫০,০০০ টাকা✓
গ. ৬০,০০০ টাকা
ঘ. ৭০,০০০ টাকা
২৭। অগ্রিম বিমার ১০,০০০ টাকা অনিঃশেষিত হলে নিট মুনাফার পরিমাণ কত ?
ক. ৩০,০০০ টাকা✓
খ. ৪০,০০০ টাকা
গ. ৫০,০০০ টাকা
ঘ. ৬০,০০০ টাকা
▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
মিস তাহসিন একটি মটরগাড়ি ৫০,০০০ টাকায় ক্রয় করেছিলেন। বর্তমানে-এর ক্রমযোজিত অবচয়ের উদ্বৃত্ত ২০,০০০ টাকা। তিনি গাড়িটি ৩৬,০০০ টাকায় বিক্রয় করলেন।
২৮। বিক্রয়জনিত লাভ বা ক্ষতি কত ?
ক. ক্ষতি ১৪,০০০ টাকা
খ. ক্ষতি ৬,০০০ টাকা
গ. লাভ ৬,০০০ টাকা✓
ঘ. লাভ ১৬,০০০ টাকা
২৯। গাড়িটির বিক্রয়জনিত জাবেদায় ক্রেডিট হবে-
i. মোটরগাড়ি হিসাব
ii. ক্রমযোজিত অবচয় হিসাব
iii. মোটরগাড়ি বিক্রয়জনিত লাভ হিসাব
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
▶ নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।
নাভানা ট্রেডার্স ২০০৯ সালে ৫,০০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করেন। ২০১১ সালে মেশিনটি ঠিকমত কাজ না করাতে ২০,০০০ টাকা ব্যয় করে মেরামত করেন।
৩০। পুরাতন মেশিন মেরামত ব্যয় ২০,০০০ টাকাকে কী বলে ?
ক. মূলধন জাতীয় বিনিয়োগ
খ. মুনাফা জাতীয় ব্যয়✓
গ. বিলম্বিত জাতীয় ব্যয়
ঘ. মূলধন জাতীয় ব্যয়
৩১। পুরানো মেশিন মেরামত ব্যয়ের সাথে আরও ১,০০,০০০ টাকা যোগ করে মেশিনটিকে নতুনরুপ দেওয়া হলো। এক্ষেত্রে-
i. মেশিনটির উৎপাদন বৃদ্ধি পাবে
ii. মেশিনটির আয়ুষ্কাল বৃদ্ধি পাবে
iii. ১,০০,০০০ টাকা মুলধন জাতীয় ব্যয় হবে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓